সিলেট মহানগর ৪,৫ ও ৬নং ওয়ার্ড বিএনপির বর্ণাঢ্য বিজয় র্যালীতে যোগদান

ডেস্ক রিপোর্ট: মহান বিজয় দিবস উপলক্ষে সিলেট জেলা ও মহানগর বিএনপি আয়োজিত বর্ণাঢ্য বিজয় র্যালীতে মিছিল সহকারে যোগদান করেছেন ৪,৫ ও ৬নং ওয়ার্ড বিএনপি অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ। বুধবার সকালে তিনটি ওয়ার্ডের সমন্বয়কারী মহানগর বিএনপির সহ-সভাপতি কাউন্সিলার রেজাউল হাসান কয়েস লোদী ও যুগ্ম সাধারণ সম্পাদক এমদাদ হোসেন চৌধুরীর নেতৃত্বে অনুষ্ঠিত মিছিলটি চৌকিদেখী থেকে শুরু হয়ে নগরীর বিভিন্ন পয়েন্ট প্রদক্ষিণ শেষে রেজিষ্ঠারী মাঠে গিয়ে সমাপ্ত হয়। তারপর রেজিষ্ঠারী মাঠ থেকে জেলা ও মহানগর বিএনপি আয়োজিত বিজয় র্যালীতে অংশ নেয়।
অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, মহানগর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক হুমায়ন আহমদ মাসুক, প্রচার সম্পাদক শামীম মজুমদার, বিএনপি নেতা আহসানুজ্জামান শহিদ, লুৎফুর রহমান, মামুন আহমদ মিন্টু, সাঈদ মাহমুদ ওয়াদুদ, বুরহান আহমদ, তুহিন নাথ, তানভীর চৌধুরী, দেওয়ান রেজা মজিদ, আব্দুল্লাহ শফি সাঈদ, দেওয়ান জাকির চৌধুরী, জিএম বাপ্পি, জুবের আহমদ প্রমূখ।

প্রেস বিজ্ঞপ্তি